

যায়যায়দিন

দৈনিক যায়যায়দিন, ২০১৮-১১-০১, পৃঃ ১৫

শিক্ষা জ্ঞান সংবাদ



ইস্ট ওয়েস্টে 'গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি' সপ্তাহ

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ অ্যান্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট বিভাগের উদ্যোগে ২৪-৩১ অক্টোবর 'গ্লোবাল মিডিয়া স্টাডিজ অ্যান্ড ইনফরমেশন লিটারেসি' সপ্তাহ পালন করা হয়েছে। প্রতিবছর অক্টোবর মাসে ইউনেস্কোর উদ্যোগে সারা বিশ্বে এ সপ্তাহ পালন করা হয়।

সপ্তাহব্যাপী অনুষ্ঠানের ধারাবাহিকতায় মঙ্গলবার বিকেলে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেট সিটিস: ভয়েসেস, পাওয়ারস অ্যান্ড চেঞ্জ মেকারস' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনেস্কোর বাংলাদেশ প্রতিনিধি, বেক্ট্রিচ কালডন। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ অ্যান্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারপারসন ড. দিলারা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রান্সিট বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের লাইব্রেরিস আনলিমিটেড প্রকল্পের পরিচালক ক্রিস্টিন ক্রেফোর্ড। এর আগে গত ২৪ অক্টোবর র্যালি ও বেলুন উড়িয়ে সপ্তাহব্যাপী 'গ্লোবাল মিডিয়া স্টাডিজ অ্যান্ড ইনফরমেশন লিটারেসি' অনুষ্ঠানমালা শুরু হয়। বিজ্ঞপ্তি